



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩

তারিখ: ১৬ ডিসেম্বর, ২০১৯

প্রেসবিজ্ঞপ্তি

আজ ১৬ ডিসেম্বর, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, পুষ্পস্তবক অর্পণ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বিজয় শোভাযাত্রা, ক্রীড়া প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকাল সাড়ে ৭টায় প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা এবং কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। ভাইস চ্যান্সেলর সকাল ৭:৪৫ মিনিটে বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারে এবং পরে বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, মহান বিজয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রক্টর প্রফেসর জহির উদ্দিন আহমেদ সহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, হল প্রভোস্ট, দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

ভাইস চ্যান্সেলর মহোদয় পুষ্পস্তবক অর্পণ করার পর বিভিন্ন বিভাগ, আবাসিক হল, ছাত্রসংগঠন এবং স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে শহিদ মিনার ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পরে সকাল সাড়ে ১০টায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে ক্যাম্পাসে বর্ণাঢ্য বিজয় শোভাযাত্রা বের করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। শোভাযাত্রা শেষে বঙ্গবন্ধু চত্বরে অনুষ্ঠিত সমাবেশে ভাইস চ্যান্সেলর বলেন, লাঞ্ছিত শহীদের তাজা রক্তের বিনিময়ে অর্জিত মহান স্বাধীনতার মান ও মর্যাদা অক্ষুণ্ণ রাখতে আমাদের সর্বদা সচেষ্ট থাকতে হবে। দেশ বিরোধী শক্তি এখনো তৎপর। তাদের ষড়যন্ত্র রুখে দিতে আমাদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে আমাদের ঐক্যবদ্ধ কর্মপ্রক্রিয়ার বিকল্প নেই।

পরে ভাইস চ্যান্সেলর পর্যায়ক্রমে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় এবং ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

বিকেলে ক্যাম্পাসে সকল সাংস্কৃতিক সংগঠনগুলোর সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

রেজিস্ট্রার